দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 20 JUN 1994
পৃষ্ঠা ৭ কলাম ৭

23

# দু'টি জেলার প্রাথমিক বিদ্যালয়ের অধিকাংশ লাইব্রেরী ভবন ধসে পড়ার আশঙ্কা

পটুয়াখালী, ১৯ জুন (নিজস্ব সংবাদদাতা)।- পটুয়াখালী ও বরগুনা জেলার বিভিন্ন এলাকার ২ শতাধিক সরকারী প্রাথমিক বিদ্যালয়ের লাইব্রেরী ভবনসমূহের অধিকাংশই যে কোন সময় ধসে পড়ে মারাত্মক দুর্ঘটনার সৃষ্টি হতে পারে বলে সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দের ধারণা।

এ জেলা দু'টিতে ৮/৯ বছর পূর্বে প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন একটি করে লাইব্রেরী ভবন নির্মাণ করা হয়। এতে ব্যয় হয়েছে ৩ কোটি টাকার অধিক। ঠিকাদারগণ অত্যন্ত নিম্নমানের ইট, সুরকি, পুরনো লোহা, কাঠ, বালু এবং প্রয়োজনের তুলনায় কম সিমেন্ট ব্যবহার করে। ফলে ৭/৮ বছর যেতে না যেতেই ছাদের প্লাস্টার ধসে পড়তে শুরু করেছে। বর্ষা মৌসুমে বৃষ্টির পানি চোয়ানোর ফলে সম্পূর্ণ ভবনটি পানিতে ভছনছ হয়ে যায়। অধিকাংশ ভবনে প্লাস্টার উঠে গিয়ে ফাটল ধরেছে। যে কোন সময় উক্ত ভবনগুলো ধসে পড়ে জীবনহানি ঘটাতে পারে বলে সংশ্লিষ্ট শিক্ষক মহল আশঙ্কা প্রকাশ করছেন।

দু'শতাধিক বিদ্যালয়ের প্রায় সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা জীবনের ঝুঁকি নিয়ে শিক্ষকতা করে আসছেন। জরুরী ভিত্তিতে এ সমস্ত লাইব্রেরী ভবনগুলো মেরামত করা প্রয়োজন হয়ে পড়েছে।

এ সমস্ত লাইব্রেরী ভবনের সাথে নির্মাণ করা হয়েছে লেট্রিন। এ লেট্রিনগুলো বহু পূর্বেই ব্যবহারের অনুপোযুক্ত হয়ে পড়েছে। ফলে ছাত্রছাত্রীরা বাধ্য হয়েই আশপাশে মলমূত্র ত্যাগ করছে। পরিবেশ দূষিত ও অস্বাস্থ্যকর হয়ে পড়ছে। এ ব্যাপারে কর্তৃপক্ষ কোন পদক্ষেপ গ্রহণ করছেন না।